

যুগান্তর

ঢাকা আলিয়া মাদ্রাসায়
ছাত্রদের দু'গ্রুপে ধাওয়া
পাল্টাধাওয়া : গ্রেফতার ১০

যুগান্তর রিপোর্ট

ঢাকা আলিয়া মাদ্রাসার একটি হলে সোমবার গভীর রাতে ছাত্রদের দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া ও ব্যাপক বোমাবাজির ঘটনা ঘটেছে। এ ঘটনায় পুলিশ ছাত্রদের নেতা বায়েজীদ, সোহাগসহ ধাওয়া : পৃষ্ঠা : ২ কলাম : ৬

ধাওয়া : আলিয়া মাদ্রাসা

(শেষ পৃষ্ঠার পর)

১০ জনকে গ্রেফতার করেছে। পুলিশ হল উদ্ধাশি করে বিপুল লোহার রড, বোমা, বোমা তৈরির সরঞ্জামাদি ও চাপাতি উদ্ধার করেছে।

পুলিশ জানায়, হলের আধিপত্য নিয়ে ছাত্রদের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষ বাধে। দু'গ্রুপের ধাওয়া-পাল্টাধাওয়া ও বোমাবাজিতে গোটা এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে লালবাগ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে পরিস্থিতি শান্ত হয়। পুলিশ রাত ২টা থেকে ৪টা পর্যন্ত হলে উদ্ধাশি চালিয়ে বায়েজীদসহ ১০ জনকে গ্রেফতার করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে হলে পুলিশ মোতায়েন করা হয়েছে।